তারিখ ..... 3 JUN 2010
পৃষ্ঠা ..... কলাম .....

যুগান্তর

যুগান্তর বৃহস্পতিবার ৩ জুন ২০১০

# উপদেষ্টার এমপিও তালিকা যাচাই বাছাই চলছে মন্ত্রণালয়ে

যুগান্তর রিপোর্ট

এবার উপদেষ্টার প্রণীত এমপিওর তালিকা যাচাই-বাছাই করছে শিক্ষা মন্ত্রণালয়। আগের তালিকা থেকে কতটি প্রতিষ্ঠান বাদ দেয়া হয়েছে, নতুন কয়টি এসেছে কিংবা তালিকা প্রণয়নে কোন নীতি অনুসরণ করা হয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। নির্ভরযোগ্য সূত্র জানায়, বুধবার বিকাল পর্যন্ত আগের তালিকার দেড়শ' বাতিল এবং ৬১১টি নতুন যুক্ত হয়েছে বলে চিহ্নিত হয়েছে।

এদিকে প্রকাশিত নতুন তালিকা সম্পর্কে কয়েকজন সংসদ সদস্য বুধবার শিক্ষামন্ত্রীর কাছে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। এর আগে মঙ্গলবারও কয়েকজন তাদের অসন্তোষের কথা জানিয়েছেন। মন্ত্রণালয় সূত্র জানায়, সংসদ সদস্যরা তাদের দেয়া ডিও লেটার (চাহিদাপত্র) অনুযায়ী এমপিও তালিকা না হওয়ার অভিযোগ করেছেন। জবাবে মন্ত্রী বিক্ষুব্ধ এমপিদের প্রধানমন্ত্রীর কাছে অভিযোগ জানানোর পরামর্শ দেন। জানা গেছে, বুধবার প্রায় দেড় ডজন এমপি শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। তবে শিক্ষামন্ত্রী এমপিও তালিকার ব্যাপারে সাংবাদিকদের বলেন, যারা এবার বাদ গেছে, তারা পরবর্তীতে পাবে। বাজেটেই এ ব্যাপারে সংস্থানের চিন্তাভাবনা চলছে। ৩১ মে শিক্ষা উপদেষ্টা এমপিওর তালিকা শিক্ষামন্ত্রীর হাতে হস্তান্তর করেন। ওই তালিকা সেদিনই মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তবে দু'দিন তা মন্ত্রণালয়ে যাচাই-বাছাই চলছে। বুধবার পর্যন্ত স্থগিত তালিকা থেকে ১৫০টি বাদ এবং ৬১১টি নতুন যুক্ত হয়েছে বলে চিহ্নিত হয়েছে।

**তালিকা স্থগিতের গুঞ্জন :** এদিকে প্রকাশিত নতুন তালিকা স্থগিত করা হচ্ছে বলে মন্ত্রণালয়ে বুধবার গুঞ্জন শোনা যায়। মন্ত্রীর দফতরের এক কর্মকর্তা সাংবাদিকদের এ তথ্য জানান। ওই কর্মকর্তা বলেন, গত দু'দিনে সরকারি দলের এমপিরা শিক্ষামন্ত্রীর কাছে অভিযোগ এবং বাদপড়া নিয়ে হতাশা ব্যক্ত করায় বিষয়টি আলোচনায় এসেছে। তবে বিষয়টি নাকচ করে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সাংবাদিকরা এ ব্যাপারে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, উপদেষ্টার প্রণীত তালিকা স্থগিত করার কোন সুযোগ নেই। প্রধানমন্ত্রীর নির্দেশে এ তালিকা প্রণয়ন করা হয়েছে। তিনিই আগের তালিকা পুনর্মূল্যায়ন করতে দিয়েছেন। মন্ত্রী হিসেবে তার সে এখতিয়ার থাকলেও সব এখতিয়ার প্রয়োগ করা শোভন নয়। সে কারণেই উপদেষ্টার তালিকা দেয়ার সঙ্গে সঙ্গে তা প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।